গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপ-পরিচালক, বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

# সূচিপত্র


আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৪

## আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Regional/Zonal Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের (বিকেএসপি) আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল-এ বর্তমানে ৩টি ক্রীড়া বিভাগ চালু রয়েছে (এ্যাথলেটিক্স, উশু ও কারাতে) স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহন করে বিকেএসপি গত ৩ বছরে স্থানীয় প্রতিযোগিতায় কারাতে ২৮টি স্বর্ণ পদক, ০৫ টি রৌপ্য পদক ও ০৫ টি ব্রোঞ্জ এবং আন্তর্জাতিক প্রতিযোগিতায় ০৪ টি স্বর্ণ ও ০১ টি রৌপ্য্ পদক অর্জন করেন। স্থানীয় প্রতিযোগিতায় উশু বিভাগে ০৮ টি স্বর্ণ, ০১ টি রৌপ্য ও ০২ টি ব্রোঞ্জ পদক অর্জন করে এবং ফুটবল বিভাগে ১৭ জন প্রশিক্ষণার্থী অনূর্ধ-১৫ এবং ০৬ জন অনূর্ধ্ব-১৬ জাতীয় দলে অন্তর্ভূক্ত হওয়ার গৌরব অর্জন করে। এছাড়া ২০১৯, শিক্ষাবর্ষে অনুষ্ঠিত জেএসসি পরীক্ষায় ৩৭ জন পরীক্ষার্থী অংশগ্রহন করে ০১ জন 'এ+', ১৪ জন 'এ'', ৯ জন 'এ-', ১০ জন 'বি', ০২ জন 'সি' এবং ০১ জন 'এফ' গ্রেডে উত্তীর্ণ হয়েছে এবং ২০২০ ও ২০২১ শিক্ষাবর্ষে অনুষ্ঠিত জেএসসি পরীক্ষায় ৪৩ জন পরীক্ষার্থী অংশগ্রহন করে অটোপাসে উত্তীর্ণ্ হয়। ২০১৯, ২০২০ এবং ২০২১ খ্রিস্টাব্দে ২৩৫ জন প্রশিক্ষণার্থীকে বিজ্ঞান ভিত্তিক দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

তৃণমূল পর্যায় থেকে মেধাবী ও প্রতিভাবান খেলোয়াড় বাছাই কার্যক্রমে প্রয়োজনীয় জনবল ও যানবাহনের অভাবে যথাযথভাবে সম্পন্ন করা কঠিন হয়ে পড়ে। ক্রীড়া ক্ষেত্রে প্রান্তিক পর্যায়ে অসচ্ছল, গরীব ও অশিক্ষিত পরিবারের অধিকাংশ ক্রীড়া মেধা সম্পন্ন প্রশিক্ষণার্থী ভর্তি হয়। যাদের মধ্যে বেশিরভাগ অপুষ্টিজনিত সমস্যা রয়েছে। এছাড়া পারিবারিক আর্থিক অস্বচ্ছলতার জন্য দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ সমাপ্ত না করেই প্রশিক্ষণার্থীদের একটি অংশ অন্যত্র চলে যায়।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বিশ্বমানের ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে বিকেএসপিকে সেন্টার অব এক্সিলেন্সি-এ গড়ে তোলার প্রয়াসে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশালের পক্ষ থেকে সর্বাত্নক সহযোগিতা করা হবে। বিজ্ঞান ভিত্তিক ক্রীড়া প্রশিক্ষনের মাধ্যমে আরো অধিক পরিমানে জাতীয় ও আন্তর্জাতিক মানের খেলোয়াড় তৈরী করা হবে। অধিক হারে আন্তর্জাতিক মানের খেলোয়াড় তৈরীর লক্ষ্যে নিয়োজিত প্রশিক্ষক, শিক্ষক ও সহায়ক কর্মকর্তা-কর্মচারীগণকে দেশ ও বিদেশ হতে উন্নত ও আধুনিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানব সম্পদ তৈরী করা হবে এবং প্রশিক্ষণার্থীদের সংখ্যাও বৃদ্ধি করা হবে। এছাড়া তৃণমূল পর্যায় থেকে প্রতিভা অন্বেষণ কার্যক্রম উপজেলা পর্যায়ে সম্প্রসারণ করে অধিকতর দক্ষ ও মেধা সম্পন্ন প্রতিভাবান প্রশিক্ষণার্থী বাছাই করে স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। বিকেএসপির আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশালকে উচ্চ মাধ্যমিক পর্যায়ে উন্নীতকরণের মাধ্যমে স্বয়ংসম্পূর্ণ ক্রীড়া প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে গড়ে তোলারও পরিকল্পনা রয়েছে।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- বিকেএসপিতে দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের জন্য নির্ধারিত শূন্য আসনের মধ্যে তৃণমূল পর্যায়ের স্বল্প মেয়াদি প্রশিক্ষণ ক্যাম্প থেকে ক্রীড়া মেধার ভিত্তিতে ভর্তি করার পদক্ষেপ বাস্তবায়নের জন্য সহযোগিতা করা।
- জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের পাশাপাশি পূর্ববর্তী বছরের চেয়ে ভাল ফলাফল অর্জন করা।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপ-পরিচালক, বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান-এর মধ্যে ২০২৩ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১

## আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

ক্রীড়া প্রশিক্ষণের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক মানের খেলোয়াড় তৈরী করা।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

তৃণমূল পর্যায়ে দেশের তরুণ ও প্রতিভাবান খেলোয়াড়দের ক্রীড়ায় উদ্বুদ্ধ করে স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে ক্রীড়া প্রতিভার বিকাশ ঘটানো এবং জাতীয় ও আন্তর্জাতিক মানের খেলোয়াড় গড়ে তোলা।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

**১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. আন্তর্জাতিক মানের ক্রীড়াবিদ সৃষ্টি
২. ভৌত অবকাঠামো উন্নয়ন
৩. প্রতিযোগিতায় অংশগ্রহণ ও আয়োজন
৪. আসবাবপত্র সরবরাহ

**১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (Functions)**

১. নির্ধারিত বয়সসীমার বালক-বালিকাদের মধ্য হইতে ক্রীড়া ক্ষেত্রে প্রতিভা অন্বেষণ করা এবং স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণি পর্যন্ত ক্রীড়া ও সাধারন শিক্ষার সুযোগসহ ক্রীড়া ক্ষেত্রে তাদের বিজ্ঞানভিত্তিক নিবিড় প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি এবং পর্যাপ্ত সুবিধা প্রদান;
২. উন্নতমানের ক্রীড়াবিজ্ঞানী, কোচ, রেফারী এবং আম্পায়ার তৈরির উদ্দেশ্যে সম্ভাবনাময় ক্রীড়াবিজ্ঞানী, কোচ, রেফারী এবং আম্পায়ারগণের প্রশিক্ষণ প্রদান;
৩. ক্রীড়াবিজ্ঞানী, কোচ, রেফারী এবং আম্পায়ারগণের কৌশলগত দক্ষতা উন্নয়নকল্পে সার্টিফিকেট কোর্স পরিচালনা;
৪. আন্তর্জাতিক প্রতিযোগিতা অংশগ্রহণের প্রস্তুতি হিসেবে জাতীয় দলের প্রশিক্ষণ প্রদানের সুযোগ প্রদান;
৫. অটিস্টিকসহ দেশের বিভিন্ন প্রতিবন্ধী অর্থাৎ শারীরিক, মানসিক, দৃষ্টি ও অন্যান্য প্রতিবন্ধীদের খেলাধুলার জন্য পৃথক ইউনিট গঠন এবং সমাজকল্যান মন্ত্রণালয়ের সাথে সমন্বয়ক্রমে তাদের উপযুক্ত প্রশিক্ষণ প্রদান ও প্রতিযোগিতার আয়োজন;
৬. বিভিন্ন দেশীয় খেলাধুলার বিষয়ে প্রশিক্ষণ ও প্রতিযোগিতা আয়োজন;
৭. ক্রীড়া সম্পর্কিত তথ্য কেন্দ্র হিসেবে কার্যসম্পাদন ও গবেষণা কার্যক্রম পরিচালনা;
৮. ক্রীড়া সম্পর্কিত পুস্তক, সাময়িকী, বুলেটিন এবং হালনাগাদ তথ্য প্রকাশ ও সংরক্ষণ;
৯. দেশের বিভিন্ন ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান এবং আন্তর্জাতিক ক্রীড়া প্রতিষ্ঠানের সহিত সম্পর্ক ও যোগাযোগ স্থাপন এবং অভিজ্ঞতা বিনিময়;
১০. দেশের বিভিন্ন ক্রীড়া সংস্থার সাথে যোগাযোগ স্থাপন ও কার্যাবলির সমন্বয় সাধন;
১১. ক্রীড়া উন্নয়নে সরকারকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
১২. প্রতিবেশ ও পরিবেশ বান্ধব ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন: এবং
১৩. সরকার কর্তৃক, সময় সময়, প্রদত্ত নির্দেশনা সাপেক্ষে, ওর উপর অর্পিত অন্যান্য দায়িত্ব পালন এবং প্রয়োজনীয় অন্য যে কোন কার্য সম্পাদন।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| আন্তর্জাতিক মানের ক্রীড়াবিদ সৃষ্টি | স্বল্প মেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে বাছাইকৃত প্রতিভাবান খেলোয়াড়দের সংখ্যা | সংখ্যা (জন) | ৪০ | ৬৫ | ৪০ | ৪০ | ৪০ | বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা। | ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, নির্বাচনী ইশতেহার, বিকেএসপি'র বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| | দীর্ঘমেয়াদী প্রশিক্ষণার্থী খেলোয়াড়ের সংখ্যা | সংখ্যা (জন) | ১০০ | ৮৩ | ১০০ | ১০০ | ১০০ | বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা। | ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, নির্বাচনী ইশতেহার, বিকেএসপি'র বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| প্রতিযোগিতায় অংশগ্রহণ ও আয়োজন | স্থানীয় প্রতিযোগিতার সংখ্যা | সংখ্যা | ২ | | ২ | ২ | ২ | বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা। | ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, নির্বাচনী ইশতেহার, বিকেএসপি'র বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| আসবাবপত্র সরবরাহ | আসবাবপত্র সরবরাহের সংখ্যা | সংখ্যা | ১০ | ৮ | ১০ | ৫ | ৫ | বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা। | ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, নির্বাচনী ইশতেহার, বিকেএসপি'র বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| ভৌত অবকাঠামো উন্নয়ন | কর্মচারী কোয়ার্টার সংস্কার ও রংকরণ | সংখ্যা | ৩ | ২ | ২ | ২ | ২ | বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা। | ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, নির্বাচনী ইশতেহার, বিকেএসপি'র বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| | প্রশাসন ভবনের সংস্কার (উপপরিচালকের কক্ষে টাইলস স্থাপন) | সংখ্যা | ১ | | ১ | | | বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা। | ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, নির্বাচনী ইশতেহার, বিকেএসপি'র বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| | পুকুরপাড়ে সাইড ওয়াল নির্মান | সংখ্যা | | | ১ | | | বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা। | ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, নির্বাচনী ইশতেহার, বিকেএসপি'র বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] আন্তর্জাতিক মানের ক্রীড়াবিদ সৃষ্টি | ২৫ | [১.১] তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ ও স্বল্প মেয়াদী (৩ মাস) প্রশিক্ষণ প্রদান | [১.১.১] স্বল্প মেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে বাছাইকৃত প্রতিভাবান খেলোয়াড়ের সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা (জন) | ৫ | ৬৫ | ৬৫ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ৪০ | ৪০ |
| | | [১.২] দীর্ঘমেয়াদী (৬-৯ বছর) প্রশিক্ষণ প্রদান | [১.২.১] প্রশিক্ষিত খেলোয়াড়ের সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা (জন) | ২০ | ৭১ | ৮৩ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| [২] ভৌত অবকাঠামো উন্নয়ন | ২৫ | [২.১] কর্মচারী কোয়ার্টারের সংস্কার ও রংকরণ | [২.১.১] কর্মচারী কোয়ার্টারের সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৫ | ১ | ২ | ৩ | ২ | ১ | | | ২ | ২ |
| | | [২.২] প্রশাসন ভবনের সংস্কার (উপপরিচালকের দপ্তরে টাইলস স্থাপন) | [২.২.১] উপপরিচালকের কক্ষের সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১০ | | | ১ | | | | | | |
| | | [২.৩] পুকুরপাড়ে সাইড ওয়াল নির্মান | [২.৩.১] টার্ফের সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১০ | | | ১ | | | | | ১ | |
| [৩] প্রতিযোগিতায় অংশগ্রহণ ও আয়োজন | ১০ | [৩.১] স্থানীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ ও আয়োজন | [৩.১.১] স্থানীয় প্রতিযোগিতার মংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১০ | | | ২ | ১ | | | | ২ | ২ |
| [৪] আসবাবপত্র সরবরাহ | ১০ | [৪.১] প্রশিক্ষণার্থী হোস্টেলে ক্যাবিনেট/আলমিরা সরবরাহ | [৪.১.১] ক্যাবিনেট/আলমিরার সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১০ | | ১০ | ০ | ৯ | ৮ | ৭ | ৬ | ৮ | ৮ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, উপ-পরিচালক, বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল, চেয়ারম্যান, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে উপ-পরিচালক, বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.............................................................................. ..............................................................................

উপ-পরিচালক
বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল

তারিখ

.............................................................................. ..............................................................................

চেয়ারম্যান
বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিকেএসপি | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ ও স্বল্প মেয়াদী (৩ মাস) প্রশিক্ষণ প্রদান | [১.১.১] স্বল্প মেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে বাছাইকৃত প্রতিভাবান খেলোয়াড়ের সংখ্যা | বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল | প্রশিক্ষণার্থীদের ক্রীড়া ভিত্তিক তালিকা |
| [১.২] দীর্ঘমেয়াদী (৬-৯ বছর) প্রশিক্ষণ প্রদান | [১.২.১] প্রশিক্ষিত খেলোয়াড়ের সংখ্যা | বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল | প্রশিক্ষণার্থীদের ক্রীড়া ভিত্তিক তালিকা |
| [২.১] কর্মচারী কোয়ার্টারের সংস্কার ও রংকরণ | [২.১.১] কর্মচারী কোয়ার্টারের সংখ্যা | বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল | কার্যাদেশ ও প্রতিবেদন |
| [২.২] প্রশাসন ভবনের সংস্কার (উপপরিচালকের দপ্তরে টাইলস স্থাপন) | [২.২.১] উপপরিচালকের কক্ষের সংখ্যা | বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল | কার্যাদেশ ও প্রতিবেদন |
| [২.৩] পুকুরপাড়ে সাইড ওয়াল নির্মান | [২.৩.১] টার্ফের সংখ্যা | বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল | কার্যাদেশ ও প্রতিবেদন |
| [৩.১] স্থানীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ ও আয়োজন | [৩.১.১] স্থানীয় প্রতিযোগিতার মংখ্যা | বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল | প্রতিযোগিতার আমন্ত্রণপত্র, প্রতিযোগীর সংখ্যা ও ছবি |
| [৪.১] প্রশিক্ষণার্থী হোস্টেলে ক্যাবিনেট/আলমিরা সরবরাহ | [৪.১.১] ক্যাবিনেট/আলমিরার সংখ্যা | বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল | কার্যাদেশ ও প্রতিবেদন |

# সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| পুকুরপাড়ে সাইড ওয়াল নির্মান | টার্ফের সংখ্যা | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | মহাপরিচালকের অনুমোদন |
| প্রশিক্ষণার্থী হোস্টেলে ক্যাবিনেট/আলমিরা সরবরাহ | ক্যাবিনেট/আলমিরার সংখ্যা | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | মহাপরিচালকের অনুমোদন |
| স্থানীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ ও আয়োজন | স্থানীয় প্রতিযোগিতার মংখ্যা | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | মহাপরিচালকের অনুমোদন |
| প্রশাসন ভবনের সংস্কার (উপপরিচালকের দপ্তরে টাইলস স্থাপন) | উপপরিচালকের কক্ষের সংখ্যা | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | মহাপরিচালকের অনুমোদন |
| কর্মচারী কোয়ার্টারের সংস্কার ও রংকরণ | কর্মচারী কোয়ার্টারের সংখ্যা | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | মহাপরিচালকের অনুমোদন |
| দীর্ঘমেয়াদী (৬-৯ বছর) প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষিত খেলোয়াড়ের সংখ্যা | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | মহাপরিচালকের অনুমোদন |
| তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ ও স্বল্প মেয়াদী (৩ মাস) প্রশিক্ষণ প্রদান | স্বল্প মেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে বাছাইকৃত প্রতিভাবান খেলোয়াড়ের সংখ্যা | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | মহাপরিচালকের অনুমোদন |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ